(খ) "আমার অপরাধী গাড়িটাকে যদি ক্ষমা করেন তবে আপনি যেখানে অনুমতি করেন সেইখানেই পৌঁছিয়ে দিতে পারি।"—উক্তিটি কে কার প্রতি করেছে? কোন প্রসঙ্গে এই উক্তি করা হয়েছে? ১+১+৩

**অথবা,** "অমনি দুই সখীতে একটা বিদ্যুচ্চকিত চোখ-ঠারাঠারি হয়ে গেল, মুখে পড়ল একটা আড়হাসির রেখা।"—দুই সখীর নাম লেখ। তাদের মুখে আড়হাসির রেখা ফুটে ওঠার কারণ কী? ১+১+৩

(গ) "উদ্দেশ্যকে গোপন রাখিয়া কোন কাজ সে করিতেই জানিত না।" বক্তা কে? যাকে উদ্দেশ করে এই কথাগুলি বলেছেন তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১+৪

**অথবা,** "তোমাকে আর কৃতজ্ঞ হতে হবে না—দয়া করে সে সময়ে যে একটা খবর পাঠিয়েছিলে, এই আমার ঢের।"—কে কাকে খবর পাঠিয়েছিল? এখানে কোন খবরের কথা বলা হয়েছে? ১+১+৩

(ঘ) "গোটা কাহারপাড়ার আবালবৃদ্ধবনিতা স্তম্ভিত এবং স্তব্ধ হয়ে গেল করালীর কথা শুনে...।"—করালী কী বলেছিল? এতে সকলের স্তম্ভিত হওয়ার কারণ কী তা ব্যাখ্যা করো। ২+৩

**অথবা,** "সঙ্গে সঙ্গে গাছের অন্ধকার তলাটা যেন গর্জন ক'রে উঠল! মনে হ'ল বাঘের মত কোন ভয়ানক জানোয়ার চীৎকার ক'রে অন্ধকার থেকে বেরিয়ে আসছে। সে চীৎকারে করালী ও পাখি ভয়ে চমকে উঠল!"—কার চিৎকারে ভয় পেয়েছিল করালী আর পাখি? তারপর কী ঘটেছিল? ১+৪

## তৃতীয় পত্র—২০১০

## পূর্ণমান—১০০

(৫, ১২ এবং ১৫ মানের উত্তর যথাক্রমে অনধিক ১০০, ২০০ এবং ৩০০ শব্দের মধ্যে লিখতে হবে)

১। দলবৃত্ত বা স্বরবৃত্ত (শ্বাসাঘাত প্রধান) ছন্দের বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো। ১২

**অথবা,** যে-কোনো *তিনটি* বিষয়ে টীকা লেখো : ৪×৩

দল, কলা, পর্ব, পদ, ছেদ।

**অথবা,** পুরনো পয়ার ছন্দের ওপর ভিত্তি করে অমিত্রাক্ষর ছন্দের সৃষ্টি হলেও তার নিজস্ব বৈশিষ্ট্য যথেষ্ট—উদাহরণসহ আলোচনা করো। ৮+৪

২। যে-কোনো ***দু'টি*** অংশের ছন্দোলিপি প্রণয়ন করো (মাত্রা, পর্ব, পদ, পঙ্‌ক্তি, লয়, রীতি উল্লেখ করা আবশ্যক) ঃ ৪×২

(ক) বেলা যে পড়ে এল জলকে চল্,
পুরানো সেই সুরে কে যেন ডাকে দূরে,
কোথা সে ছায়া সখী, কোথা সে জল।

(খ) পৃথিবীর সব ঘুঘু ডাকিতেছে হিজলের বনে
পৃথিবীর সব রূপ লেগে আছে ঘাসে।
পৃথিবীর সব প্রেম আমাদের দুজনার মনে
আকাশ ছড়ায়ে আছে শান্তি হয়ে
আকাশে আকাশে।

(গ) কলঙ্কী বলিয়া ডাকে সব লোকে
তাহাতে নাহিক দুখ।
তোমার লাগিয়া কলঙ্কের হার
গলায় পরিতে সুখ।

(ঘ) কৃষ্ণকলি আমি তারেই বলি,
কালো তারে বলে গাঁয়ের লোক।
মেঘলা দিনে দেখেছিলেম মাঠে,
কালো মেয়ের কালো হরিণ চোখ।

(ঙ) আধেক লীন হৃদয়ের দূরগামী
ব্যাথার মাঝে ঘুমিয়ে পড়ি আমি।
সহসা শুনি রাতের কড়া নাড়া
'অবনী বাড়ি আছো'?

৩। উৎপ্রেক্ষা অলংকার কাকে বলে? এই অলংকারের কটি বিভাগ ও কী কী? তাদের মধ্যে পার্থক্য দেখাও ও উদাহরণসহ পরিচয় দাও। ৩+৩+৩+৩

**অথবা,** যে-কোনো ***দুটি*** অলংকারের সংজ্ঞা দাও ও দৃষ্টান্তসহ স্বরূপ ব্যাখ্যা করো ৬+৬

লুপ্তোপমা, সমাসোক্তি, ব্যাজস্তুতি, অপহ্নুতি, ব্যতিরেক, অর্থান্তরন্যাস।

৪। যে-কোনো **দুটি** অংশের অলংকার নির্ণয় করো ঃ- ৪+৪

(ক) এনেছে তোমার স্বামী বান্ধি নিজগুণে।

(খ) অর্থ চাই রাজকোষে আছে ভুরিভুরি;
রাজস্বপ্নে অর্থ নাই, যত মাথা খুঁড়ি।

(গ) বজ্রে যে জন মরে,
নব ঘন শ্যাম শোভার তারিফ সে
বংশে কেবা করে?

(ঘ) কথাগুলো যদি বানানো হয় দোষ কী,
কিন্তু চমৎকার—
হীরে বসানো সোনার ফুল কী সত্য,
তবুও কী সত্য নয়?

(ঙ) মেহগনির মঞ্চ জুড়ি
পঞ্চ হাজার গ্রন্থ;
সোনার জলে দাগ পড়ে না,
খোলে না কেউ পাতা,
আস্বাদিত মধু যেমন
যূথী অনাঘ্রাতা।

৫। (ক) গৌরচন্দ্রিকা কাকে বলে? গৌরাঙ্গ-বিষয়ক পদের সঙ্গে গৌরচন্দ্রিকার পার্থক্য কী? তোমার পাঠ্যপদ অবলম্বন করে এই বিষয়ের শ্রেষ্ঠ পদকর্তার পরিচয় দাও। ৪+৪+৭

**অথবা**, (খ) 'এ সখি হামারি দুখের নাহি ওর।'
— এটি কোন পর্যায়ের পদ? এই পর্যায়টির পরিচয় দাও। এই পদটির কাব্যমূল্য বিচার করো। ১+৪+১০

৬। (ক) শাক্ত পদাবলীর আগমনী ও বিজয়া পর্যায়ের পদগুলিতে বাঙালী কবিরা দেবীর মহিমা ও ঐশ্বর্যরূপকে প্রাধান্য না দিয়ে তাঁকে ঘরের কন্যা করে তুলেছেন।— পাঠ্যপদ অবলম্বনে উদ্ধৃতিসহ মন্তব্যটির যথার্থতা বিচার করো। ১৫

**অথবা**, (খ) শাক্ত পদাবলীর 'ভক্তের আকূতি' পর্যায়ে কবিরা নিজেদের নানাবিধ দুঃখকষ্টের কথা বললেও শেষ পর্যন্ত তাঁদের ভক্তি, মুক্তিকামনা ও মায়ের উপর একান্ত নির্ভরতাই প্রাধান্য পেয়েছে। পাঠ্যপদগুলি অবলম্বনে তোমার মতামত দাও। ১৫

৭। (ক) ভাঁড়ু দত্ত চরিত্রটি নির্মাণে কবি মুকুন্দ যে প্রসন্ন জীবনদৃষ্টি ও জীবন রসগ্রাহী মানসিকতার পরিচয় দিয়েছেন তা মধ্যযুগীয় বাংলা সাহিত্যে বিরল। চরিত্রটি বিশ্লেষণ করে মন্তব্যটি পর্যালোচনা করো। ১৫

**অথবা**, (খ) দেবী চণ্ডীর কাছে পশুগণের দুঃখ নিবেদন ও গুজরাট নগর পত্তন অংশে তৎকালীন সমাজ জীবনের যে জীবন চিত্র ফুটে উঠেছে তার পরিচয় দাও। ১৫

৮। (ক) "সখি কি পুছসি অনুভব মোয়
সোই পিরিতি অনুরাগ বাখানিতে
তিলে তিলে নূতন হোয়"।
—পদকর্তা কে? এটি কোন্ পর্যায়ের পদ? 'তিলে তিলে নূতন হোয়' বলতে কী বোঝানো হয়েছে? ১+১+৩

অথবা, "কি মোহিনী জান বঁধু কি মোহিনী জান।
অবলার প্রাণ নিতে নাহি তোমা হেন।"
—এটি কোন্ পর্যায়ের পদ? 'বঁধু' ও 'অবলা' বলতে কী বোঝানো হয়েছে? পদাংশটির মর্মার্থ কী? ১+২+২

(খ) "বারে বারে কহ রাণি, গৌরী আনিবারে"
— কোন পর্যায়ের পদ? কে, কাকে, কেন একথা বলেছে? ১+২+২

অথবা, "মা আমায় ঘুরাবে কত?"
—পদকর্তা কে? পংক্তিটির মর্মার্থ লেখো। ১+৪

(গ) "বিষম সম্বল চিন্তা মহাবীরে লাগে,
এক চক্ষে নিদ্রা যায় এক চক্ষে জাগে"।
—'মহাবীর' বলতে কাকে বোঝানো হয়েছে? কখন এবং কেন তার এরূপ অবস্থা হয়েছিল? ১+২+২

অথবা, "আমানি খাবার গর্ত দেখ বিদ্যমান"—বক্তা কে? কোন্ প্রসঙ্গে সে কাকে একথা বলেছে? একথা বলার উদ্দেশ্য কী ছিল? ১+২+২

## চতুর্থ পত্র—২০১০

### পূর্ণমান—১০০

(৫, ১০, ১৫ ও ২০ মানের উত্তর যথাক্রমে অনধিক ১০০, ২০০, ৩০০ ও ৩৫০ শব্দের মধ্যে লিখতে হবে)

১। সামাজিক নাটকের সংজ্ঞা ও বৈশিষ্ট্যসমূহ সম্পর্কে আলোচনা করে এই শ্রেণীর একটি বাংলা নাটকের বিস্তারিত পরিচয় দাও। ৪+৬+১০

অথবা, যে কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো ঃ ১০+১০
(ক) অ্যাবসার্ড নাটক (খ) কমেডি (গ) প্রহসন (ঘ) সাংকেতিক নাটক

২। বাংলা নাট্যাভিনয়ের ক্ষেত্রে নাট্য নিয়ন্ত্রণ বিল উপস্থাপনার প্রেক্ষাপট বর্ণনা কর। প্রসঙ্গত বিলটির বিষয়বস্তু ও উদ্দেশ্য সম্পর্কে সবিস্তারে আলোচনা করো। ৬+৬+৮

অথবা, যে কোনো *দুটি* বিষয় সম্পর্কে আলোচনা করো ঃ ১০+১০
(ক) বেঙ্গলী থিয়েটার (খ) নবীনচন্দ্র বসুর শ্যামবাজার থিয়েটার (গ) বেলগাছিয়া নাট্যশালা (ঘ) ন্যাশনাল থিয়েটার (প্রথম পর্ব)

৩। (ক) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনে নবকুমার চরিত্রটি প্র নের চরিত্র হিসাবে কতদূর সার্থক হয়েছে আলোচনা কর। ১০